একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

ইসলামিক ফাউন্ডেশন

নাসিরনগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র

নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারকনং-০৫.৪২.১২৯০.০০২.৯৯.১৬২.২৫. ২২৯ তারিখ: ২৩/০২/২০২৫ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তির সময় বর্ধিতকরণ(সংশোধিত) :

নাসিরনগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে "জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী নিম্নলিখিত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে আগ্রহী প্রার্থীর নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	মাসিক সম্মানী (টাকায়)	যোগ্যতা
১.	পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওয়ায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে দায়িত্ব পালনের ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুৎবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
২.	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।
৩.	খাদিম	০২ (দুই)	৭,৫০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

০১। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। প্রার্থীর পূর্ণ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, জাতীয়তা, মোবাইল নং, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর ও তারিখ, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার বিবরণ উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া বরাবর স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, (খ) জাতীয় পরিচয়পত্রের কপি, (গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের কপি, (ঘ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং (ঙ) অভিজ্ঞতা সনদপত্রের কপি দাখিল করতে হবে। দরখাস্তের সাথে ছবিসহ অন্যান্য সকল কাগজপত্র ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে নাসিরনগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া" শিরোনামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যুক্ত করতে হবে (পেশ ইমাম পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা, মুয়াজ্জিন পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা এবং খাদিম পদের জন্য ২০০/-(দুইশত) টাকা। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

০৩। উপরোক্ত শর্তাধীনে আগ্রহী প্রার্থীকে আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রোজ বুধবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে (অফিস চলাকালীন সময়ের মধ্যে) সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে মুখবন্ধ খামে আবেদনপত্র জমা দিতে হবে। ত্রুটিযুক্ত/অসম্পূর্ণ/পে-অর্ডার বিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীকে খামের উপর প্রার্থীর নাম ও পদের নাম লিখতে হবে। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। আগ্রহী প্রার্থীর বয়সসীমা ২৬ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ তারিখে পেশ ইমাম পদের জন্য ১৮-৪৫ বছর এবং মুয়াজ্জিন ও খাদিম পদের জন্য ১৮-৩৫ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। ২৭/০২/২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঐদিন বিকাল ০২.৩০ টায় মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল ঐদিনই ঘোষণা করা হবে।

০৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/ বেসরকারী/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব-স্ব কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে। আবেদনপত্রে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে নিয়োগের যেকোন পর্যায়ে নিয়োগ বাতিল হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন বা বাতিল এবং যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

** বি: দ্র: নাসিরনগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি'র ০২/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বিগত ১৯/০৮/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত পেশ ইমাম, মুয়াজ্জিন ও খাদিম নিয়োগ পরীক্ষাটি বাতিল করা হলো।

(শাহীনা নাছিরিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

নাসিরনগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

চলমান পাতা=০২

CamScanner

স্মারকনং-০৫.৪২.১২৯০.০০২.৯৯.১৬২.২৫. ২২৯ তারিখ: ২৩/০২/২০২৫ খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা।

০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।

০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, নাসিরনগর, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

০৫। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ব্রাহ্মণবাড়িয়া।

০৬। উপজেলা --কর্মকর্তা, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা, ব্রাহ্মণবাড়িয়া।

০৮। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, ----------------সরকারী কলেজ/ আলিম মাদ্রাসা/ উচ্চ বিদ্যালয়, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

০৯। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। (বিজ্ঞপ্তি জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০। উপজেলা আইসিটি অফিসার, থ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। (বিজ্ঞপ্তি উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১১। চেয়ারম্যান, --- (সকল) ইউনিয়ন পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

১২। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩। জনাব ---, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

১৪। সভাপতি, প্রেস ক্লাব, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া ।

১৫। অফিস কপি/নোটিশ বোর্ড, এ কার্যালয়।

২৩/০২/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
নাসিরনগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক
কেন্দ্রে পরিচালনা কমিটি, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner